# সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ১১৮

২৬. রাসূলুল্লাহ (ﷺ) এর তরকারীর বর্ণনা (باب ما جاء في إدام رسول الله ﷺ)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ ، قَالَ : حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ ، وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ ، قَالا : حَدَّثَنَا شُعْبَةُ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ ، قَالَ : كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " يُعْجِبُهُ الدُّبَّاءُ فَأُتِيَ بِطَعَامٍ ، أَوْ دُعِيَ لَهُ فَجَعَلْتُ أَتَتَبَّعُهُ , فَأَضَعُهُ بَيْنَ يَدَيْهِ لِمَا أَعْلَمُ أَنَّهُ يُحِبُّهُ " .

বাংলা

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লাউ পছন্দ করতেন:

১১৮. আনাস ইবনে মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লাউ খুবই পছন্দ করতেন। একবার তাঁর সম্মুখে খানা পরিবেশন করা হলো অথবা তিনি কোন দাওয়াতে গিয়েছিলেন (রাবীর সন্দেহ)। আমার যেহেতু জানা ছিল যে, তিনি লাউ খুব পছন্দ করেন, তাই (তরকারীর মধ্য হতে) বেছে বেছে তাঁর সামনে লাউ পেশ করলাম।[1]

## English

Anas bin Maalik Radiyallahu 'Anhu says: "Rasulullah Sallallahu 'Alayhi Wasallam loved gourd (dubbaa-dodhi-kadu). Once food -was presented to Rasulullah Sallallahu'Alayhi Wasallam or he attended an invitation. (The narrator doubts on which occasion this took place) where gourd was served. I knew Rasulullah Sallallahu'Alayhi Wasallam loved it. I searched for pieces from the curry and presented it to him".

ফুটনোট

[1] শারহুস সুন্নাহ, হা/২৮৬১।

ব্যাখ্যা

রাসূলুল্লাহ (সাঃ) লাউয়ের তরকারী পছন্দ করার কারণ বহুবিধ। এটা শরীর ঠাণ্ডা রাখে, বুদ্ধি বৃদ্ধি করে। গরম আবহাওয়াতে উপকারী এবং ঠাণ্ডা আবহাওয়ার পক্ষে অনুকূল হয়। এ ছাড়াও পিপাসা নিবারণ করে, মাথা ব্যথা দূর করে। আবার এটি স্বচ্ছন্দে গিলা যায়।

এ হাদীস থেকে বুঝা যায়, যদি কোন পাত্রে বিভিন্ন খাবার থাকে, তাহলে নিজের সামনে ছাড়া অন্যের দিক থেকেও কোন প্রিয় জিনিস নেয়া যায়। শর্ত হচ্ছে, অন্য কারো যেন অপছন্দ না হয়। লাউয়ের টুকরা তালাশ করার কারণ হলো, সে সময় তরকারীতে ঝোল বেশি দেয়ার নিয়ম ছিল। কারণ, রাসূলুল্লাহ ও তরকারিতে ঝোল বেশি দিতে উৎসাহ দিতেন- যাতে প্রতিবেশীর ঘরে হাদিয়া পাঠানো যায়।

---

We gather from this that if there are many things in a plate, then it is permissible to take a thing which one likes from the other side of the plate, provided the next person does not feel offended. The reason for searching for pieces of gourd is because it was the custom to have more gravy in the curry. Sayyidina Rasulullah Sallallahu 'Alayhi Wasallam also advised us to have more gravy in the curry so that the neighbours may also benefit.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=49032

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন